গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)
৭৯/২ কাকরাইল, রমনা, ঢাকা-১০০০
E-mail:smdp.dme@gmail.co

স্মারক নং- মাশিঅ/নিমাউ/শিক্ষক প্রশিক্ষণ (অংশ-৩)/২০২৫-৩৮০৪ তারিখ : ০১/১২/২০২৫খ্রি:

**বিষয় : নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় শিক্ষক প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় মাদ্রাসা শিক্ষকগণের বিষয়ভিত্তিক Capacity Building এর নিমিত্ত অনুমোদিত তালিকা মোতাবেক নিম্নবর্ণিত শর্তসমূহ অনুসরণপূর্বক ১০দিন ব্যাপী আবাসিক প্রশিক্ষণ কোর্স পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

| ক্র:নং | প্রশিক্ষণের বিষয় | ব্যাচ নং | প্রশিক্ষণার্থী সংখ্যা | প্রশিক্ষণ শুরুর তারিখ | প্রশিক্ষণ সমাপনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | আরবি | ২৬ তম | ৪০ জন | ০৩ ডিসেম্বর ২০২৫ (বুধবার) | ১২ ডিসেম্বর ২০২৫ (শুক্রবার) |

**শর্তসমূহ:**

১. প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ শুরুর পূর্বের দিন বিকালের মধ্যে প্রশিক্ষণ কেন্দ্রে রিপোর্ট করতে হবে।

২. প্রশিক্ষণার্থীদের নমুনা ফরম (**সংযুক্ত-১**) মোতাবেক রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশন ফরমের সাথে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রশিক্ষণ গ্রহণের অনুমতি প্রদানের ছাড়পত্র জমা দিতে হবে।

৩. প্রশিক্ষণ শেষে চেকলিস্ট (**সংযুক্ত-২**) মোতাবেক বিল ও অন্যান্য চাহিত কাগজপত্র প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করতে হবে ।

৪. শুক্র ও শনিবারসহ ১০ কর্ম দিবসে প্রশিক্ষণ কোর্সটি সম্পন্ন করতে হবে।

৫. প্রতিটি সেশন ২ ঘন্টা করে সকাল ৯.০০ টা হতে প্রতিদিন তিনটি করে সেশন অনুষ্ঠিত হবে। দুপুরে খাবার ও নামাজের জন্য বিরতি থাকবে।

৬. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত বিষয়ভিত্তিক সেশন প্লানসহ প্রতিটি বিষয়ের কমপক্ষে ০৪(চার) জন রিসোর্স পারসন/প্রশিক্ষকগণের তালিকা দ্রুত প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করতে হবে।

৮. প্রতিটি বিষয়ের ট্রেনিং পরিচালনার জন্য কমপক্ষে ০৪ (চার) জন ট্রেইনার/রিসোর্স পারসন নিয়োজিত করতে হবে এবং একজন ট্রেইনার/রিসোর্স পারসন কর্তৃক ১০ (দশ) টির অধিক সেশন পরিচালনা করা যাবে না।

৯. প্রতিটি বিষয়ের প্রশিক্ষণ পরিচালনার জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় প্রশিক্ষণ কেন্দ্রের নিকটবর্তী বিভিন্ন সরকারি বা এমপিওভুক্ত মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/সহসুপার/মুফাসসির/মুহাদ্দিস/আদিব/সহকারী অধ্যাপকসহ বিভিন্ন পর্যায়ের এক বা একাধিক দক্ষ ও অভিজ্ঞ শিক্ষককে এবং সম্ভব হলে ম্যানুয়াল প্রণয়নে সংশ্লিষ্ট লেখক/সম্পাদক/রিভিউয়ারদের মাস্টার ট্রেইনার/রিসোর্স পারসন হিসেবে নির্বাচন করতে হবে।

১০ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত তালিকার বাইরে কোনো প্রশিক্ষণার্থী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে না।

১১. কোনো বিষয়ে প্রকল্পভুক্ত কোনো মাদ্রাসার একজন শিক্ষক ইতোপূর্বে এ প্রকল্পের আওতায় ১০ দিনের প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকলে ঐ মাদ্রাসার আর কোনো শিক্ষককে একই বিষয়ের প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।

১২. প্রশিক্ষণের যাবতীয় ব্যয়ভার আরডিপিপির সংস্থান অনুযায়ী এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী নির্বাহ করা হবে (**সংযুক্ত-৩**)।

**১৩. প্রশিক্ষণ উপকরণসহ অন্যান্য ক্রয় ভেন্যু প্রধান কোর্স সমন্বয়কদের মাধ্যমে ক্রয়ের ব্যবস্থা নিবেন।**

১৪. প্রতিটি বিষয়ের প্রশিক্ষণ পরিচালনার জন্য ভেন্যু প্রধান একজন কোর্স সমন্বয়ক নিয়োগ দেবেন।

০২। প্রশিক্ষণার্থীদের অনুমোদিত তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dme.gov.bd) প্রকাশ করা হয়েছে। কোর্স সমন্বয়কগণ প্রশিক্ষণার্থীদের নামের পাশে বর্ণিত মোবাইল নম্বরে এবং/অথবা সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ/সুপারগণের মোবাইল নম্বরে যোগাযোগ করার মাধ্যমে তালিকা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন। জরুরী তথ্যের জন্য ড. মোহাম্মদ মনিরুজ্জামান মিয়া, উপপ্রকল্প পরিচালক (ফোনঃ ০১৭১৬৫৮০০৯৫, +৮৮-০২-৫৮৩১৪২০৬) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৩। যথাযথভাবে প্রশিক্ষণ কোর্সসমূহ পরিচালনা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৩-১১-২৫
(এস, এম, মাসুদুল হক)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

অধ্যক্ষ
বিএমটিটিআই, গাজীপুর

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ, নিউ বেইলি রোড, রমনা, ঢাকা।

২.অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।

৩. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**সচিব মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত**)।

৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, রমনা, ঢাকা।

৫. উপপরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (**পত্রটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।

৬. উপপরিচালক (প্রশিক্ষণ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (**প্রশিক্ষণার্থীদের অনুমোদিত তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।

৭. অধ্যক্ষ/সুপার (সংশ্লিষ্ট সকল মাদ্রাসা) (**মনোনীত শিক্ষককে বা তার পরিবর্তে কর্মরত সংশ্লিষ্ট বিষয় পাঠদান করেন এমন একজন শিক্ষককে ছাড়পত্র প্রদানসহ প্রশিক্ষণে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো। অন্যথায় তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে**)।

৮. সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)
৭৯/২ কাকরাইল, রমনা, ঢাকা-১০০০
E-mail: smdp.dme@gmail.com

স্মারক নং- মাশিঅ/নিমাউ/শিক্ষক প্রশিক্ষণ (অংশ-৩)/২০২৫-১৭৯২ তারিখ: ৩০/১১/২০২৫ খ্রি:

**বিষয়: নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় শিক্ষক প্রশিক্ষণ পরিচালনার নিমিত্ত আরবি বিষয়ের ০১টি ব্যাচের প্রশিক্ষণার্থীগণের তালিকা অনুমোদন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিয়ন্ত্রণাধীন ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন 'নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পভুক্ত মাদ্রাসাসমূহের বিষয়ভিত্তিক শিক্ষকগণের Capacity Building-এর জন্য আইসিটি, ইংরেজি, আরবি এবং শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে ১০ (দশ) দিন ব্যাপী আবাসিক প্রশিক্ষণের জন্য সংস্থান আছে। চলতি ২০২৫-২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুসারে প্রশিক্ষণ পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ছকে বর্ণিত আরবি বিষয়ের প্রশিক্ষণার্থীগণের ০১টি ব্যাচের প্রশিক্ষণার্থীদের তালিকা প্রস্তুত করা হয়েছে।

| ক্রঃনং | প্রশিক্ষণের বিষয় | ব্যাচ নং | মেয়াদ | ভেন্যু |
|---|---|---|---|---|
| ১. | আরবি | ২৬ তম | ০৩-১২ ডিসেম্বর ২০২৫ | বিএমটিটিআই, গাজীপুর |

০২। বর্ণিত অবস্থায়, উল্লিখিত ০১টি তালিকা মহোদয়ের সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি: বর্ণনামতে।**

৩০-১১-২৫
(এস, এম, মাসুদুল হক)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন নং-০২-৫৮৩১৪২০৭

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।

**দৃঃআঃ পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
৩. অধ্যক্ষ, বিএমটিটিআই, বোর্ডবাজার, গাজীপুর।
৪. সিএফও, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, রমনা, ঢাকা।
৫. উপপরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
**(অনুমোদিত প্রশিক্ষণার্থীদের তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।**
৬. উপপরিচালক (প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৭. সংশ্লিষ্ট নথি।

Scanned with CamScanner